# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয় 'কৃষি ব্যাংক ভবন'
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
কৃষি ও পল্লী ঋণ বিভাগ
**Financial Literacy Wing**
www.krishibank.org.bd

সূত্রনং-প্রকা/কৃপবি-৩৫২/২০২৩-২৪/৭১ তারিখঃ ২৬/১২/২০২৩

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/ স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখাব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ আর্থিক সাক্ষরতা কার্যক্রম ২০২৪ এর আওতায় আয়োজিত প্রোগ্রামের বার্ষিক পরিকল্পনা ও জুলাই-ডিসেম্বর/২০২৩ ষাণ্মাসিকের আর্থিক সাক্ষরতা কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন দাখিল প্রসঙ্গে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের ফাইন্যান্সিয়াল ইনক্লুশন ডিপার্টমেন্ট এর ২৯ নভেম্বর ২০২৩ তারিখের পত্র সূত্র নং এফআইডি/২০৩/০২/০২/২০২৩-৪০৫৮ এবং ক্রেডিট বিভাগের ২৩ নভেম্বর ২০২৩ তারিখের পত্র নং ১১৭৩(১২৫০) এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

০২। শিরোনামোক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়ের পত্রে এফআইডি সার্কুলার নং ০১/২০২২ এর মাধ্যমে জারিকৃত Financial Literacy Guidelines for Banks and Financial Institutions এর ৫.২.৩, ৭.২.১ এবং ৭.২.২ নং অনুচ্ছেদের উল্লেখপূর্বক যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নরূপ নির্দেশনা প্রদান করা হয়েছেঃ

ক) বাংলাদেশ কৃষি ব্যাংক কর্তৃক পরিচালিতব্য আর্থিক সাক্ষরতা কার্যক্রম ২০২৪ এর আওতায় আয়োজিতব্য প্রোগ্রামের বার্ষিক পরিকল্পনা (সংযুক্ত ফরম্যাটে) পরিচালক (এফআইডি), ফাইন্যান্সিয়াল ইনক্লুশন ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক বরাবরে আগামী ৩১ ডিসেম্বর ২০২৩ তারিখের মধ্যে দাখিল;

খ) মোট প্রোগ্রামের অর্ধেক জানুয়ারি-জুন ষাণ্মাসিকের মধ্যে এবং অপর অর্ধেক জুলাই-ডিসেম্বর ষাণ্মাসিকের মধ্যে আয়োজন এবং

গ) বাংলাদেশ কৃষি ব্যাংক এর আর্থিক সাক্ষরতা কার্যক্রম জুলাই-ডিসেম্বর/২০২৩ ষাণ্মাসিকের অগ্রগতি বিষয়ক প্রতিবেদন নির্ধারিত ফরম্যাটে (Guidelines এর "Annexure-B" অনুযায়ী ১৫ই জানুয়ারি ২০২৪ তারিখের মধ্যে ফাইন্যান্সিয়াল ইনক্লুশন ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক বরাবরে দাখিল করতে হবে।

০৩। ক্রেডিট বিভাগের উপরোল্লিখিত পত্রে বাংলাদেশ কৃষি ব্যাংক এর ওয়েবসাইটে সংযোজিত **"Financial Literacy"** ট্যাবে অর্ন্তভূক্তির লক্ষ্যে বিভিন্ন কনটেন্ট প্রেরণসহ ০২নং অনুচ্ছেদ এর (গ) উপ-অনুচ্ছেদে বর্ণিত নির্দেশনা পরিপালনার্থে **"Annexure-B"** অনুযায়ী অগ্রগতি প্রতিবেদন জানুয়ারি মাসের ১০ তারিখের মধ্যে ইমেইল যোগে **dgmppd@krishibank.org.bd** ঠিকানায় সফটকপি এবং হার্ডকপি ক্রেডিট বিভাগে(বর্তমানে কৃষি ও পল্লী ঋণ বিভাগে) প্রেরণ করার জন্য পরামর্শ প্রদান করা হয়।

০৪। এমতাবস্থায়, বাংলাদেশ ব্যাংক এর নির্দেশনা অনুযায়ী সংযুক্ত ছকে আর্থিক সাক্ষরতা কার্যক্রম ২০২৪ এর আওতায় আয়োজিত প্রোগ্রামের বার্ষিক পরিকল্পনা আগামী ২৮.১২.২০২৩ তারিখের মধ্যে এবং "Annexure-B" অনুযায়ী অগ্রগতি প্রতিবেদন জানুয়ারি মাসের ১০ তারিখের মধ্যে অত্র বিভাগে প্রেরণের জন্য বিভাগীয় কার্যালয় সমূহকে অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,

সংযুক্তিঃ বর্ণনামতে।

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক
ই-মেইলঃdgmppd@krishibank.org.bd

সূত্রনং-প্রকা/কৃপবি-৩৫২/২০২৩-২৪/৭১ তারিখঃ ২৬/১২/২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফঅফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফঅফিসার, উপব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফঅফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। নথি/মহানথি।

২৬/১২/২০২৩

(মোহাম্মদ শরিফুল ইসলাম)
সহকারী মহাব্যবস্থাপক

৫০১১৯

# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

**প্রধান কার্যালয়**

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

ফাইন্যান্সিয়াল ইনক্লুশন ডিপার্টমেন্ট

সূত্র নংঃ এফআইডি/২০৩/০২/০২/২০২৩-৪০৫৮

তারিখঃ ১৪ অগ্রহায়ণ, ১৪৩০
২৯ নভেম্বর, ২০২৩

ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫, মতিঝিল বা/এ
ঢাকা-১০০০।

ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়
বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
নং ২৮৪৭ তারিখঃ ০৫.১২.২৩
ডিএমডি ২ জিএম
ব্যবস্থাপনা পরিচালক

প্রিয় মহোদয়,

**আর্থিক সাক্ষরতা কার্যক্রম ২০২৪ এর আওতায় আয়োজিত প্রোগ্রামের বার্ষিক পরিকল্পনা ও জুলাই-ডিসেম্বর/২০২৩ ষাণ্মাসিকের আর্থিক সাক্ষরতা কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন দাখিল প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে এ বিভাগ হতে ২৭ মার্চ ২০২২ তারিখে এফআইডি সার্কুলার নং-০১/২০২২ এর মাধ্যমে জারিকৃত Financial Literacy Guidelines For Banks and Financial Institutions-এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উক্ত Guidelines-এর ৫.২.৩ এবং ৭.২.২ নং অনুচ্ছেদে, চলতি বছর ডিসেম্বর মাসের মধ্যে পরবর্তী বছরের আর্থিক সাক্ষরতা কার্যক্রমের একটি বার্ষিক পরিকল্পনা প্রস্তুত এবং তা এ বিভাগে দাখিলের জন্য ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহকে নির্দেশনা দেয়া হয়েছে। এছাড়া, Guidelines-এর ৭.২.১ নং অনুচ্ছেদে আর্থিক সাক্ষরতা কার্যক্রমের অগ্রগতি বিষয়ক একটি প্রতিবেদন প্রতি ষাণ্মাসিক শেষে পরবর্তী ১৫ দিনের মধ্যে এ বিভাগে দাখিলেরও নির্দেশনা রয়েছে।

০৩। এমতাবস্থায়, নিম্নোক্ত ব্যবস্থাসমূহ গ্রহণের জন্য আপনাদের পরামর্শ প্রদান করা যাচ্ছে:

ক) আপনাদের প্রতিষ্ঠান কর্তৃক পরিচালিতব্য আর্থিক সাক্ষরতা কার্যক্রম ২০২৪ এর আওতায় আয়োজিতব্য প্রোগ্রামের বার্ষিক পরিকল্পনা (সংযুক্ত ফরম্যাটে) পরিচালক (এফআইডি), ফাইন্যান্সিয়াল ইনক্লুশন ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক বরাবরে আগামী ৩১ ডিসেম্বর ২০২৩ তারিখের মধ্যে দাখিল;

খ) মোট প্রোগ্রামের অর্ধেক জানুয়ারি-জুন ষাণ্মাসিকের মধ্যে এবং অপর অর্ধেক জুলাই-ডিসেম্বর ষাণ্মাসিকের মধ্যে আয়োজন; এবং

গ) আপনাদের প্রতিষ্ঠানের আর্থিক সাক্ষরতা কার্যক্রমের জুলাই-ডিসেম্বর/২০২৩ ষাণ্মাসিকের অগ্রগতি বিষয়ক প্রতিবেদন নির্ধারিত ফরম্যাটে (Guidelines-এর Annexure-B) ১৫ জানুয়ারি ২০২৪ তারিখের মধ্যে এ বিভাগে দাখিল।

শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ

আপনাদের বিশ্বস্ত,

(গোলাম সারোয়ার)
যুগ্মপরিচালক

ফোন-০২-৫৫৬৬৫০০১-২০/২১০৬৯
ই-মেইলঃ g.sarowar@bb.org.bd

সংযুক্তি ঃ বর্ণনা মোতাবেক

উপ-ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়
বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
নং ২৩৬ তারিখ ০৬/১২/২৩
বিভাগ Gm operation
ডিএমডি-২

মহাব্যবস্থাপক (পরি ও পরি) এর দপ্তর
নং- ৫৬৪ তারিখ ৭/১২/২৩
উমব্য, ক্রেডিট/আঃ বাণিজ্য/ফরেন রেমিঃ
বিসিবিডি
মহাব্যবস্থাপক



CamScanner

# Yearly Plan of Financial Literacy Programs
## (For the Year 2024)

a) Name of the FLP: (ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের নাম)
b) No. of Branches (Up to December 2023):
c) No. of Sub-branches (Up to December 2023):
d) No. of Unit Offices (Up to December 2023):
e) No. of Agent Outlets (Up to December 2023):
f) N (Total number of Branches + Sub-branches + Agent Banking Outlets + Unit Offices) :
g) No. of programs (to be conducted in 2024):

- ✓ If 1<N<150, No. of Programs = 8
- ✓ If 150≤N<1000, No. of Programs = 64
- ✓ If N≥1000, No. of Programs = 128

| Sl. No. | Tentative month of program | Territory | | Target group (Financial Literacy Guidelines (FLG) এর section 4.2 এর Tier-1 এর সুনির্দিষ্ট গ্রুপ/মিশ্র ।) | Program Type (Training/Workshop/Seminar/Conference/ Symposium or other types specified in section 6.2 in FLG) |
|---|---|---|---|---|---|
| | | Name of District | Urban/Rural | | |
| | | | | | |
| | | | | | |

****** N.B. 50% of the total program shall be arranged by June, 2024***

Authorized Signature

CS CamScanner

# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয় 'কৃষি ব্যাংক ভবন'
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

ক্রেডিট বিভাগ

**Financial Literacy Wing**

www.krishibank.org.bd

সূত্রনং-প্রকা/ক্রেঃবিঃ/শাখা-৫/রুমাবি ৩৫২/২০২৩-২৪/১১৭৩(১২৫০) তারিখঃ ২৩/১১/২০২৩

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/ স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।

উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।

সকল মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপক।

সকল শাখাব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)

বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ Financial Literacy Guidelines for Banks and Financial Institutions এর আওতায় আর্থিক সাক্ষরতা কর্মসূচির ২০২৩ সালের বার্ষিক কর্মপরিকল্পনার সময়ানুগ বাস্তবায়ন ও বিকেবি ওয়েবসাইট এ ট্যাব সংযোজন প্রসঙ্গে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে অত্র বিভাগের ০৮ মে ২০২৩ তারিখের পত্র নং ২৬০৪(১২৫০) এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

০২। উল্লিখিত পত্রে বাংলাদেশ কৃষি ব্যাংক পরিচালনা পর্ষদের অনুমোদনের প্রেক্ষিতে অত্র ব্যাংকের আর্থিক সাক্ষরতা কর্মসূচির আওতায় ২০২৩ সালের বার্ষিক কর্মপরিকল্পনাটি বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়। উক্ত কর্মসূচি সমূহের বাস্তবায়ন প্রধান কার্যালয়ের ফাইন্যান্সিয়াল লিটারেসি উইং এবং বাংলাদেশ ব্যাংক হতে পরিধারন করা হচ্ছে।

০৩। ইতোমধ্যে, বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয় এর ফাইন্যান্সিয়াল ইনক্লুশন ডিপার্টমেন্ট কর্তৃক প্রদত্ত নির্দেশনা মোতাবেক Financial Literacy Guidelines for Banks and Financial Institutions এর আওতায় বাংলাদেশ কৃষি ব্যাংক এর ওয়েবসাইটের হোমপেজে আর্থিক সাক্ষরতা বিষয়ক কনটেন্ট সংবলিত "Financial Literacy" ট্যাব সংযোজন করা হয়েছে (ট্যাবের লিংক ও স্ক্রীনশট এর কপি সংযুক্ত)। উক্ত ট্যাবের অধীনে আর্থিক সাক্ষরতা বিষয়ক বিভিন্ন কনটেন্ট (লেখা, ভিডিও, ইনফোগ্রাফিক, চিত্র, অ্যানিমেশন ইত্যাদি) উক্ত ট্যাবের অধীনে প্রদর্শন ও নিয়মিত হালনাগাদ করা এবং Financial Literacy ট্যাব বিষয়ে সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রচার-প্রচারণা চালানোর কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।

০৪। এমতাবস্থায়, ২০২৩ সালের বার্ষিক কর্মপরিকল্পনার যথাযথ বাস্তবায়ন এবং অনুষ্ঠিত প্রোগ্রামসমূহের ত্রৈমাসিক প্রতিবেদন যথারীতি পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে সংযুক্ত "Annexure-B" অনুযায়ী অত্র বিভাগে হার্ডকপি এবং সফটকপি (ইমেইল যোগে dgmppd@krishibank.org.bd ঠিকানায়) প্রেরণের জন্য পুনরায় অনুরোধ করা হলো। এছাড়া বাংলাদেশ কৃষি ব্যাংক এর ওয়েবসাইটে সংযোজিত "Financial Literacy" ট্যাবে অর্ন্তভূক্তির লক্ষ্যে বিভিন্ন কনটেন্ট (আর্থিক সাক্ষরতা বিষয়ক লেখা, ভিডিও, ইনফোগ্রাফিক, চিত্র, অ্যানিমেশন ইত্যাদি) উল্লিখিত মেইলযোগে অত্র বিভাগে প্রেরণের জন্যও সংশ্লিষ্ট সকলকে পরামর্শ প্রদান করা হলো।

অনুমোদনক্রমে-

সংযুক্তিঃ বর্ণনামতে।

আপনার বিশ্বস্ত,

২৩/১১/২০২৩

(আনন্দ মোহন গোপ)
উপমহাব্যবস্থাপক
ই-মেইলঃdgmppd@krishibank.org.bd
ফোনঃ ০২২২৩-৩৫৮৬৮১

সূত্রনং-প্রকা/ক্রেঃবিঃ/শাখা-৫/রুমাবি ৩৫২/২০২৩-২৪/১১৭৩(১২৫০) তারিখঃ ২৩/১১/২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফঅফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফঅফিসার, উপব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফঅফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। নথি/মহানথি।

26/11/2023

(মোহাম্মদ শরিফুল ইসলাম)
সহকারী মহাব্যবস্থাপক